

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের ১৭.১১.২০২৩, ১৮.১১.২০২৩, ২৪.১১.২০২৩ ও ২৫.১১.২০২৩ তারিখের লিখিত
পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নির্দেশাবলী:

পরীক্ষার্থীদের করনীয়
পরীক্ষার্থীগণ পরীক্ষা শুরুর ন্যূনতম ৩০ মিনিট পূর্বে নির্ধারিত পরীক্ষার হলের কক্ষে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন। পরীক্ষা শুরু হওয়ার পর অর্থাৎ দুপুর ০২:০০ ঘটিকার পর কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী হল ত্যাগ করতে পারবেন না।
পরীক্ষার্থীদের উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, রোল নম্বর এবং পদের নাম কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখবেন এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন।
পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ যে পদের জন্য আবেদন করেছেন সেই পদের প্রশ্নপত্র পেয়েছেন তা নিশ্চিত হয়ে উত্তর প্রদান শুরু করবেন।
পরীক্ষা শেষ হলে পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ প্রশ্ন ও উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ প্রশ্ন ও উত্তরপত্র সংগ্রহ করে বুকে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন।

১) ক. প্রবেশপত্রের নীচে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং তা অনুসরণ করতে হবে।

খ. প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর, নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে। মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ. ভূয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে তল্লাশি অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক/যোগাযোগ ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের ওপর কোন আবরণ রাখতে পারবেন না। পরীক্ষার হলে পরীক্ষার্থীগণ গহনা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু বহন করা যাবে না। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থীতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ. পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রোল নম্বর সঠিকভাবে না লিখলে বা কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থীতা বাতিল হবে।

ঙ. লিখিত পরীক্ষার জন্য পূর্ণ সময় ২ (দুই) ঘন্টা।


চ. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের পরীক্ষা শুরুর আগের কার্যদিবসের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) শ্রুতিলেখকের জন্য ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক ও সভাপতি, নিয়োগ/পদোন্নতি কমিটি, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, তেজগাঁও, ঢাকা বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে।

ছ. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে কেবল ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ হতে অনুমোদিত শ্রুতিলেখক কে ছবি সংবলিত অনুমতি পত্র প্রদান করা হবে। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।

জ. প্রবেশপত্র টেলিটকের ওয়েব সাইট (<http://dtca.teletalk.com.bd>) হতে ডাউনলোড করতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য একই প্রবেশপত্র আনতে হবে।

ঝ. কোন পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।

- ২) ক. পরীক্ষা চলাকালীন বহিরাগত কেউ যেন কোনোভাবেই পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে সে বিষয়টি পরীক্ষা হলের প্রবেশ পথে দায়িত্ব পালকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ নিশ্চিত করবেন।
- খ. বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত নিষিদ্ধ সামগ্রী নিয়ে কোন পরীক্ষার্থী যেন পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে, সেজন্য হল কর্তৃপক্ষ এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উপস্থিতিতে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ পরীক্ষা হলের প্রবেশ পথে প্রার্থীদের তল্লাশিপূর্বক হলে প্রবেশের বিষয়টি নিশ্চিত করবেন।
- গ. পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য/সাংবাদিক/গোয়েন্দা সংস্থার সদস্য, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের প্রতিনিধি বা অন্য কোন পরিচয় দিয়ে কোন ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে এবং হলসমূহে অনধিকার প্রবেশ করতে চাইলে প্রবেশপথে দায়িত্ব পালকারী আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করবেন।
- ৩) এ বিজ্ঞপ্তিটি ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের ওয়েবসাইটে (www.dtca.gov.bd) পাওয়া যাবে।



(মো: নাজমুল হক)
পরিচালক (প্রশাসন)

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, তেজগাঁও, ঢাকা।

ও

সদস্য-সচিব
নিয়োগ/পদোন্নতি কমিটি।